# খুলনা সিটি কর্পোরেশন
## খুলনা
## নিয়োগ বিজ্ঞপ্তি

www.khulnacity.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের গত ১৩ জুলাই ২০২৫ তারিখের ৪৬.০০.০০০০.০৭১. ১১.০১৩.১৪ (অংশ-১)-৩৬৫ নম্বর স্মারকে ছাড়পত্র মোতাবেক খুলনা সিটি কর্পোরেশনের নিম্নলিখিত শুন্য পদগুলি সরাসরি পূরণের জন্য প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নিম্নোক্ত শর্তে দরখাস্ত আহবান করা যাচ্ছে ঃ

| ক্রঃ নং | পদের নাম | বয়স সীমা | শুন্য পদের সংখ্যা | বেতন স্কেল ও গ্রেড (জাতীয় বেতনস্কেল ২০১৫ অনুযায়ী) | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|---|
| ১ | নির্বাহী প্রকৌশলী (সিভিল) | অনুর্ধ ৩৫ বছর | ০১(এক) | ৩৫,৫০০-৬৭,০১০/- গ্রেড-৬ | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সিভিল ইঞ্জিনিয়ারিংয়ে স্নাতক অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ সহকারী প্রকৌশলী হিসাবে ০৫(পাঁচ) বছরের অভিজ্ঞতা। |
| ২ | নির্বাহী প্রকৌশলী (যান্ত্রিক) | অনুর্ধ ৩৫ বছর | ০১(এক) | ৩৫,৫০০-৬৭,০১০/- গ্রেড-৬ | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যান্ত্রিক ইঞ্জিনিয়ারিংয়ে স্নাতক অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ সহকারী প্রকৌশলী হিসাবে ০৫(পাঁচ) বছরের অভিজ্ঞতা। |
| ৩ | নির্বাহী প্রকৌশলী (বিদ্যুৎ) | অনুর্ধ ৩৫ বছর | ০১(এক) | ৩৫,৫০০-৬৭,০১০/- গ্রেড-৬ | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বিদ্যুৎ ইঞ্জিনিয়ারিংয়ে স্নাতক অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ সহকারী প্রকৌশলী হিসাবে ০৫(পাঁচ) বছরের অভিজ্ঞতা। |
| ৪ | সহকারী হেলথ অফিসার | অনুর্ধ ৩২ বছর | ০১(এক) | ২৩,০০০-৫৫,৪৭০/- গ্রেড-৮ | এম.বি.বি.এস পাশ। |
| ৫ | ভেটেরিনারী সার্জন | অনুর্ধ ৩২ বছর | ০১(এক) | ২২,০০০-৫৩,০৬০/- গ্রেড-৯ | ভেটেরিনারীতে স্নাতক পাশ। |
| ৬ | মেডিকেল অফিসার | অনুর্ধ ৩২ বছর | ০১(এক) | ২২,০০০-৫৩,০৬০/- গ্রেড-৯ | এম.বি.বি.এস পাশ। |
| ৭ | উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) | অনুর্ধ ৩২ বছর | ০৪(চার) | ১৬,০০০-৩৮,৬৪০/- গ্রেড-১০ | পুর কৌশলে ডিপ্লোমা অথবা স্বীকৃত প্রতিষ্ঠান হইতে সমমানের শিক্ষাগত যোগ্যতা। |
| ৮ | উপ-সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ) | অনুর্ধ ৩২ বছর | ০১(এক) | ১৬,০০০-৩৮,৬৪০/- গ্রেড-১০ | তড়িৎ কৌশলে ডিপ্লোমা অথবা স্বীকৃত প্রতিষ্ঠান হইতে সমমানের শিক্ষাগত যোগ্যতা। |
| ৯ | এস্টিমেটর | অনুর্ধ ৩২ বছর | ০১(এক) | ১৬,০০০-৩৮,৬৪০/- গ্রেড-১০ | প্রকৌশলে ডিপ্লোমা অথবা স্বীকৃত প্রতিষ্ঠান হইতে সমমানের যোগ্যতা থাকিতে হইবে। |
| ১০ | চীফ এ্যাসেসর | অনুর্ধ ৩২ বছর | ০১(এক) | ১৬,০০০-৩৮,৬৪০/- গ্রেড-১০ | রাজস্ব আইন সংক্রান্ত বিষয়ে অভিজ্ঞতাসহ ইমারত এবং জমি জমার মূল্যায়ন, ভাড়া এবং রাজস্ব ভিত্তিতে কর নির্ধারণের ক্ষেত্রে কম পক্ষে ২(দুই) বছরের অভিজ্ঞতাসহ স্নাতক। তবে স্নাতকোত্তর ডিগ্রীধারীকে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ১১ | ড্রাফট্সম্যান | অনুর্ধ ৩২ বছর | ০১(এক) | ১১,৩০০-২৭,৩০০/- গ্রেড-১২ | স্বীকৃত প্রতিষ্ঠান হইতে ড্রাফটসম্যানশীপ পাস/ওভারশিয়ার পাস/ডিপ্লোমা/সমমানের শিক্ষাগত যোগ্যতা। সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। |

**আবেদনের শর্তাবলী ঃ**

১। আবেদনকারীকে অবশ্যই জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক এবং স্থায়ী বাসিন্দা হতে হবে। যদি কোন ব্যক্তি এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন বা বিবাহ করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নহে, তবে তিনি এ নিয়োগের ক্ষেত্রে যোগ্য প্রার্থী হিসেবে বিবেচিত হবেন না।

২। আবেদনকারীর বয়সসীমা ১৩/১১/২০২৫খ্রি. তারিখে ন্যূনতম ১৮(আঠার) বছর এবং সর্বোচ্চ বয়সসীমা পদের পার্শ্বে উল্লিখিত বয়সসীমা অনুযায়ী হতে হবে। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

৩। আবেদনকারীকে নির্ধারিত ছকে তথ্য পূরণ করতে হবে। আবেদন ফরম ও প্রবেশ পত্রের ছক কেসিসি এর ওয়েব সাইট হতে ডাউনলোড করতে হবে। ওয়েব সাইট ঠিকানা www.khulnacity.gov.bd

৪। আবেদনকারীকে প্রশাসক, খুলনা সিটি কর্পোরেশন বরাবর স্বহস্তে লিখিত আবেদন পত্র আবেদন ফর্মের সাথে জমা দিতে হবে। চাকরি প্রার্থীর স্বহস্তে লিখিত আবেদন পত্র ব্যতীত ও স্বাক্ষর বিহীন আবেদন ফরম গ্রহণযোগ্য হবে না। প্রার্থীকে স্বহস্তে লিখিত আবেদন পত্র, কেসিসি ওয়েব সাইটে প্রদানকৃত আবেদন ফরম ও প্রবেশ পত্রের ছক যথাযথভাবে পূরণ ও স্বাক্ষর পূর্বক ৮নং অনুচ্ছেদে উল্লিখিত কাগজ পত্রসহ জমা প্রদান করতে হবে।

৫। খামের উপর মোটা অক্ষরে পদের নাম, বিশেষ কোটা (যদি থাকে) এবং বাম পার্শ্বে আবেদনকারীর পূর্ণ নাম ও ঠিকানা, মোবাইল নম্বর স্পষ্ট অক্ষরে লিখতে হবে।

অপর পাতায়

৬। নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান সকল বিধি-বিধান অনুসরণ করা হবে।

৭। ১৩/১১/২০২৫খ্রি. তারিখ হতে ১২/১২/২০২৫ খ্রি. তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে খুলনা সিটি কর্পোরেশনের (নগর ভবন) সাধারণ প্রশাসনিক শাখায় ডাকযোগে আবেদন পৌঁছাতে হবে। সরাসরি কোন আবেদন পত্র গ্রহণ করা হবে না।

৮। পূরণকৃত আবেদন ফরমের সাথে নিম্নোক্ত কাগজপত্র সংযুক্ত করতে হবে ঃ

ক. প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা ০৩(তিন) কপি ৫ × ৫ সে.মি.আকারের রঙ্গিন ছবি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে এবং ০২(দুই) কপি স্ট্যাম্প সাইজের রঙ্গিন ছবি দাখিল করতে হবে। সত্যায়নকারী কর্মকর্তার নাম, পদবি যুক্ত সিল স্পষ্ট থাকতে হবে।

খ. সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের কাউন্সিলর/ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র/প্রশাসক কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র (মূলকপি)।

গ. সকল শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও কোটার স্বপক্ষের সনদপত্রের সত্যায়িত ফটোকপি (প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক নাম ও পদবি যুক্ত স্পষ্ট সিল দ্বারা সত্যায়িত)।

ঘ. প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত নাম পদবিযুক্ত স্পষ্ট সিল দ্বারা চারিত্রিক সনদপত্র।

ঙ. প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত নাম পদবিযুক্ত স্পষ্ট সিল দ্বারা সত্যায়িত জাতীয় পরিচয়পত্র/অন লাইন জন্ম নিবন্ধন সনদের কপি।

চ. মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী এবং শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের কোটায় প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র।

ছ. প্রার্থীর নাম, পিতার নাম ও ঠিকানা সম্বলিত প্রতিটিতে ১০(দশ) টাকার ডাক টিকিট লাগানো ০২(দুই)টি (১০ ইঞ্চি × ৪.৫ ইঞ্চি) ফেরত খাম আবেদনের সাথে অবশ্যই সংযুক্ত করতে হবে।

৯। প্রশাসক, খুলনা সিটি কর্পোরেশনের অনুকূলে যে কোন তফসিলী ব্যাংক হতে ১নং ক্রমিক হতে ৬নং ক্রমিক পর্যন্ত ৫০০/-(পাঁচশত) টাকা, ৭নং ক্রমিক হতে ১০নং ক্রমিক পর্যন্ত ৪০০/-(চারশত) টাকা ও ১১নং ক্রমিকের জন্য ৩০০/-(তিনশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরতযোগ্য) দরখাস্তের সাথে সংযুক্ত করতে হবে।

১০। বিলম্বে প্রাপ্ত এবং ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

১১। উল্লিখিত পদে ইতোপূর্বে যারা আবেদন করেছেন তাদের নতুন করে আবেদন করার প্রয়োজন নেই।

১২। চাকরিরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত মূল অনুমতিপত্র দাখিল করতে হবে।

১৩। বিভাগীয় প্রার্থীগণকে উপযুক্ত কর্তৃপক্ষের মাধ্যমে বিধি মোতাবেক আবেদন করতে হবে। পূর্বে আবেদনকৃত বিভাগীয় প্রার্থীদের পুনরায় আবেদনের প্রয়োজন নেই।

১৪। প্রচলিত সরকারি বিধি মোতাবেক সকল ধরনের কোটা পদ্ধতি/নীতি অনুসরণ করা হবে। পরবর্তীতে সংশ্লিষ্ট বিধি-বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে। এক্ষেত্রে প্রার্থীকে তার কোটা দাবীর সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের সত্যায়িত কপি জমা দিতে হবে (প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক নাম ও পদবিযুক্ত স্পষ্ট সিল দ্বারা সত্যায়িত)। অন্যথায় তাকে সাধারণ প্রার্থী হিসেবে গণ্য করা হবে।

১৫। কোন প্রার্থী তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকরিতে নিয়োগ প্রাপ্ত হলে এবং পরবর্তীতে প্রমাণিত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগ আদেশ বাতিল করত তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৬। মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় নাগরিকত্ব সনদপত্র, জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদ, শিক্ষাগত যোগ্যতার প্রমাণস্বরূপ সকল সনদপত্র ও কোটা সম্পর্কিত প্রমাণক সনদপত্রের মূল কপি উপস্থাপন/দাখিল করতে হবে।

১৭। নিয়োগের ব্যাপারে কোন প্রকার সুপারিশ বা তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে। নিয়োগের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের যে কোন সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি উত্থাপন করা যাবে না।

১৮। কোন কারণ দর্শানো ব্যতিরেকে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এ নিয়োগ বিজ্ঞপ্তির শর্তাবলী পরিবর্তন/পরিবর্ধন/সংযোজন/বিয়োজনসহ এই নিয়োগ বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৯। আবেদনকারীগণকে লিখিত/মৌখিক/ব্যবহারিক পরীক্ষায় উপস্থিত হওয়ার জন্য কোন প্রকার টি.এ/ডি.এ প্রদান করা হবে না।

প্রধান নির্বাহী কর্মকর্তা
খুলনা সিটি কর্পোরেশন
খুলনা

খুলনা সিটি কর্পোরেশন

খুলনা

# সংশোধিত নিয়োগ বিজ্ঞপ্তি

www.khulnacity.gov.bd

খুলনা সিটি কর্পোরেশনের বিভিন্ন শূন্যপদে জনবল নিয়োগের জন্য গত ১৬/১১/২০২৫খ্রি. তারিখ দৈনিক নয়াদিগন্ত, দৈনিক আমার দেশ, দৈনিক প্রবাহ এবং দৈনিক সময়ের খবর পত্রিকায় বিজ্ঞপ্তি প্রদান করা হয়।

উল্লিখিত নিয়োগ বিজ্ঞপ্তির আবেদনের শর্তাবলীর '৯' নং ক্রমিকে ভুলবশত প্রশাসক, খুলনা সিটি কর্পোরেশনের অনুকূলে যে কোন তফসিলী ব্যাংক হতে ১নং ক্রমিক হতে ৬নং ক্রমিক পর্যন্ত ৫০০/-(পাঁচশত) টাকা, ৭নং ক্রমিক হতে ১০নং ক্রমিক পর্যন্ত ৪০০/-(চারশত) টাকা ও ১১নং ক্রমিকের জন্য ৩০০/-(তিনশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরতযোগ্য) দরখাস্তের সাথে সংযুক্ত করতে হবে মর্মে উল্লেখ করা হয়েছে।

সংশোধনী ঃ

উল্লিখিত নিয়োগ বিজ্ঞপ্তির আবেদনের শর্তাবলীর ৯নং ক্রমিকে "প্রশাসক, খুলনা সিটি কর্পোরেশনের অনুকূলে যে কোন তফসিলী ব্যাংক হতে ১নং ক্রমিক হতে ১০নং ক্রমিক পর্যন্ত ২০০/-(দুইশত) টাকা ও ১১নং ক্রমিকের জন্য ১৫০/-(একশত পঞ্চাশ) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরতযোগ্য) দরখাস্তের সাথে সংযুক্ত করতে হবে" মর্মে সংশোধনী আনায়ন করা হলো। নিয়োগ বিজ্ঞপ্তির অন্যান্য শর্তাবলী অপরিবর্তিত থাকবে।

২৬/১১/২০২৫

প্রধান নির্বাহী কর্মকর্তা
খুলনা সিটি কর্পোরেশন
খুলনা